

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপ-সহকারী পরিচালকের কার্যালয়  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স  
সাতক্ষীরা।

স্মারক নং- ৫৮.০৩.৪০৮৭.০০৭.২৫.০৬৮.২৩-৭৫৮

তারিখঃ ১৯/০৯/২০২৩ খ্রিঃ।

প্রতি : স্টেশন অফিসার  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন,  
সাতক্ষীরা/কালিগঞ্জ/কলারোয়া/দেবহাটা/আশাশুনি/শ্যামনগর।

বিষয় : সম্পন্নকৃত মহড়া/টপোগ্রাফি ও গনসংযোগ/পরিদর্শন/মৌলিক প্রশিক্ষনের মাসিক প্রতিবেদন প্রেরন প্রসংগে।


সূত্র: সহকারী পরিচালকের দপ্তরের স্মারক নং-৫৮.০৩.৪০০০.০০২.১৮.৭২.২৩-১৩৮৪/৩৩(১) তারিখঃ ০৪/০৯/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে বিনয়ের সাথে জানানো যাচ্ছে যে, অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী সহকারী পরিচালকের দপ্তর হতে নির্দেশিত প্রতি মাসের ০১ তারিখের ভিতরে পূর্ববর্তী মাসের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির স্টেমনের লক্ষ্যমাত্রা বাস্তবায়নে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, মহড়া, টপোগ্রাফি ও গনসংযোগ এবং মৌলিক প্রশিক্ষনের বিষয়ে সহকারী পরিচালক, খুলনা দপ্তর হতে প্রেরিত “ছক” মোতাবেক প্রমানকসহ মাসিক প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ করতে হবে।

২। একই রিপোর্ট পূর্ববর্তী ০৩(তিন) মাসের প্রতিবেদন একিভূত করে সেপ্টেম্বর-২৩, ডিসেম্বর-২৩, মার্চ-২৪ ও জুন-২৪ মাসের ২৮ তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ করতে হবে (প্রমানক সহ)। ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণের পাশাপাশি মাসিক প্রতিবেদন প্রেরণ অব্যাহত থাকবে।

৩। অত্র দপ্তরের আওতাধীন সাতক্ষীরা সদর/কালিগঞ্জ/দেবহাটা/কলারোয়া/আশাশুনি/শ্যামনগর ফায়ার স্টেশন সমূহের উক্ত মাসিক ও ত্রৈমাসিক রিপোর্ট অত্র দপ্তরে প্রেরণ করবেন। সকল ফায়ার স্টেশন হতে (মাসিক/ত্রৈমাসিক) নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (প্রমানকসহ) যথাসময়ে প্রেরণ করবেন।

৪। উক্ত প্রতিবেদন যথাসময়ে পাওয়া না গেলে অথবা প্রেরণে কোন প্রকার শৈথল্য প্রদর্শন করলে সংশ্লিষ্ট স্টেশন কর্মকর্তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহনের জন্য উদ্ধতন কর্তৃপক্ষ বরাবরে সুপারিশ করা হবে।

  
উপ-সহকারী পরিচালক  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স  
সাতক্ষীরা।

বিতরণঃ (মহোদয়ের সদয় অবগতির জন্য)

- ১। উপ পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, খুলনা বিভাগ, খুলনা।
- ২। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, খুলনা।
- ৩। স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, সাতক্ষীরা/কালিগঞ্জ/দেবহাটা/কলারোয়া/আশাশুনি/শ্যামনগর।